

স্মারক নম্বর- ০৫.৪১.৪৮৭৯.০০০.০৩.০৩৪.২৩-৫১৬

তারিখ: ২৬ আষাঢ় ১৪৩০  
১০ জুলাই ২০২৩


## নিয়োগ বিজ্ঞপ্তি

স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) গ্রাম পুলিশ বাহিনীর গঠন, প্রশিক্ষণ, শৃঙ্খলা ও চাকুরির শর্তাবলী সম্পর্কিত বিধিমালা, ২০১৫ অনুযায়ী পাকুন্দিয়া উপজেলাধীন নিম্নলিখিত ইউনিয়ন পরিষদসমূহের বিভিন্ন ওয়ার্ডে গ্রাম পুলিশের মহল্লাদার এর শূন্যপদে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে লোক নিয়োগের নিমিত্ত সংশ্লিষ্ট ইউনিয়নের স্থায়ী বাসিন্দাদের নিকট হতে বর্ণিত শর্তাবলীতে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

ক্রমিক	ইউনিয়নের নাম	পদের নাম	শূন্য পদের সংখ্যা	ওয়ার্ড নং
০১	এগার সিদ্দুর	মহল্লাদার	২টি	১নং ও ৭নং ওয়ার্ড
০২	বুরুদিয়া	মহল্লাদার	১টি	৫নং ওয়ার্ড
০৩	সুখিয়া	মহল্লাদার	১টি	৩নং ওয়ার্ড

### শর্তাবলী :

- প্রার্থীকে বাংলাদেশের স্থায়ী বাসিন্দা হতে হবে। সংশ্লিষ্ট ওয়ার্ডের বাসিন্দাদের অগ্রাধিকার দেয়া হবে।
- ৩০/০৭/২০২৩ তারিখে প্রার্থীর বয়স ১৮ হতে ৩০ বৎসরের মধ্যে হতে হবে।
- আবেদনপত্রে প্রার্থীর পূর্ণাঙ্গ জীবন বৃত্তান্ত উল্লেখ করা হবে: (ক) আবেদনকারী নাম (বাংলা ও ইংরেজীতে) (খ) পিতার নাম (গ) মাতার নাম (ঘ) স্থায়ী ঠিকানা (ঙ) বর্তমান ঠিকানা (চ) জন্ম তারিখ (ছ) শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা (যদি থাকে) এবং কোটা (যদি থাকে) তা উল্লেখসহ সদ্যতোলা ২(দুই) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি, জাতীয় পরিচয়পত্র ও জন্ম নিবন্ধনের সত্যায়িত ফটোকপি, ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র এবং শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের সত্যায়িত ফটোকপি সংযুক্ত করতে হবে।
- আবেদনের সাথে উপজেলা নির্বাহী অফিসার, পাকুন্দিয়া, কিশোরগঞ্জ এর অনুকূলে ৫০০/- (পাঁচশত) টাকার ব্যাংক ড্রাফট/ পে-অর্ডার দাখিল করতে হবে।
- শিক্ষাগত যোগ্যতা: কোন স্বীকৃত প্রতিষ্ঠান হতে অষ্টম শ্রেণী উত্তীর্ণ অথবা কোন স্বীকৃত বোর্ড হতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।
- শারীরিক যোগ্যতা:  
পুরুষ প্রার্থীর ক্ষেত্রে: (ক) সর্বনিম্ন উচ্চতা ৫ ফুট ২ইঞ্চি (খ) বুকের মাপ ৩০ ইঞ্চি (স্বাভাবিক); ৩২ ইঞ্চি (সম্প্রসারণ)  
(গ) সর্বনিম্ন ওজন ৫০ কেজি।  
মহিলা প্রার্থীর ক্ষেত্রে: (ক) সর্বনিম্ন উচ্চতা ৫ ফুট (খ) বুকের মাপ ২৮ ইঞ্চি (স্বাভাবিক); ৩০ ইঞ্চি (সম্প্রসারণ)  
(গ) সর্বনিম্ন ওজন ৪৫ কেজি।
- দরখাস্ত আগামী ৩০/০৭/২০২৩ খ্রি. বিকাল ৫:০০ ঘটিকার মধ্যে উপজেলা নির্বাহী অফিসার, পাকুন্দিয়া, কিশোরগঞ্জ বরাবর দাখিল করতে হবে।
- বেতন ও ভাতাদি প্রচলিত বিধি মোতাবেক প্রাপ্য হবেন।
- চাকুরীরত অবস্থায় মৃতবরণকারী/ অবসরপ্রাপ্ত দফাদার ও মহল্লাদারদের সন্তানদের অগ্রাধিকার দেয়া হবে।
- বাছাইকৃত ব্যক্তির পূর্ব কার্যকলাপ তদন্তে সন্তোষজনক হওয়া সাপেক্ষে নিয়োগ দেয়া হবে।
- নিয়োগের জন্য বাছাইকৃত ব্যক্তিকে সিভিল সার্জন/তৎকর্তৃক মনোনীত মেডিকেল অফিসার কর্তৃক সন্তোষজনক শারীরিক সনদ দাখিল সাপেক্ষে যোগদান করতে হবে।
- অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ ও বিলম্বে প্রাপ্ত আবেদন বাতিল বলে গণ্য হবে।
- নিয়োগকারী কর্তৃপক্ষ কোন কারণ ব্যতিরেকেই উক্ত নিয়োগ বিজ্ঞপ্তি বাতিল বা সংশোধন করতে পারবে।

  
(রোজলিন শহীদ চৌধুরী)  
উপজেলা নির্বাহী অফিসার  
পাকুন্দিয়া, কিশোরগঞ্জ  
ই-মেইল- unopakundia@mopa.gov.bd

অনুলিপি( সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে)-

- ০১। জেলা প্রশাসক, কিশোরগঞ্জ।
- ০২। উপপরিচালক, স্থানীয় সরকার, কিশোরগঞ্জ।
- ০৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, পাকুন্দিয়া, কিশোরগঞ্জ।
- ০৫। অফিসার ইনচার্জ, পাকুন্দিয়া থানা, পাকুন্দিয়া, কিশোরগঞ্জ।
- ০৬। চেয়ারম্যান,.....(সকল) ইউনিয়ন পরিষদ, পাকুন্দিয়া, কিশোরগঞ্জ। উক্ত বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের নিমিত্ত  
অনুরোধ করা হলো।
- ০৭। অফিস কপি/নোটিশ বোর্ড।